



বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্রট # ই-১৮-এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
ফোন : ৮৮-০২-৮১৮১৬১৮, ফ্যাক্স : ৮১৮১২৮১,  
ওয়েব : www.ugc.gov.bd

বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে (যুক্তরাজ্য ও অস্ট্রেলিয়া) অর্জিত ৩ বছর মেয়াদী স্নাতক ও ১ বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি সমতায়নের ক্ষেত্রে উক্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তির ন্যূন্যতম যোগ্যতার সাথে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ে উক্ত ডিগ্রির ভর্তির ন্যূন্যতম যোগ্যতা বিবেচনা করা হবে কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে (যুক্তরাজ্য ও অস্ট্রেলিয়া) অর্জিত ৩ বছর মেয়াদী স্নাতক ও ১ বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি সমতায়নের ক্ষেত্রে উক্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তির ন্যূন্যতম যোগ্যতার সাথে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ে উক্ত ডিগ্রির ভর্তির ন্যূন্যতম যোগ্যতা বিবেচনা করা হবে কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য গঠিত কমিটির সভা গত ০১/১১/২০১৭ তারিখ বুধবার বেলা ১১.০০ টায় কমিটির আহ্বায়ক প্রফেসর ড. শরীফ এনামুল কবির, রসায়ন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা-এর সভাপতিত্বে ইউজিসির সম্মেলন কক্ষে (৬ষ্ঠ তলায়) অনুষ্ঠিত হয়। সভায় কমিটির নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন :

- ১। প্রফেসর ড. শরীফ এনামুল কবির, রসায়ন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি।
- ২। প্রফেসর ড. এম এ মাননান, উপাচার্য, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
- ৩। প্রফেসর ড. মুনায আহমেদ নূর, উপাচার্য, ইসলামিক ইউনিভার্সিটি অফ টেকনোলজি, গাজীপুর ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

এছাড়াও উক্ত সভায় কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনের অতিরিক্ত পরিচালক জনাব জাফর আহম্মদ জাহাঙ্গীর, উপ-পরিচালক প্রকৌ: মোহাম্মদ জিয়াউর রহমান এবং সহকারী পরিচালক জনাব মোঃ জহিরুল ইসলাম উপস্থিত ছিলেন। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সিদ্ধান্ত -১: বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত ৩ বছরের প্রকৌশলে স্নাতক ডিগ্রির সমতুল্য কোন ডিগ্রি বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয় থেকে দেয়া হয় না বিধায় সমতায়নের কোন সুযোগ নাই।

সিদ্ধান্ত -২: বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত ৩ বছরের প্রকৌশলে স্নাতক ডিগ্রি ও ১ বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রির অনুরূপ ডিগ্রি বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয় থেকে দেয়া হয় না বিধায় সমতায়নের কোন সুযোগ নাই।

সিদ্ধান্ত -৩: কোন কর্মকর্তার বিদেশ থেকে অর্জিত ডিগ্রি স্ব স্ব কর্তৃপক্ষের নিজস্ব নিয়মনীতি অনুযায়ী বিবেচনা করার জন্য বলা যেতে পারে।

স্বাক্ষর

প্রফেসর ড. শরীফ এনামুল কবির  
রসায়ন বিভাগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার,  
ঢাকা ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি

স্বাক্ষর

প্রফেসর ড. এম এ মাননান  
উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর ও  
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

স্বাক্ষর

প্রফেসর ড. মুনায আহমেদ নূর  
উপাচার্য

ইসলামিক ইউনিভার্সিটি অফ টেকনোলজি,  
গাজীপুর ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি